[redacted]

[redacted]-[redacted] [redacted] [redacted] [redacted] [redacted] [redacted] [redacted] (2) [redacted] 2 [redacted] [redacted] [redacted]

[redacted] [redacted] [redacted] [redacted] [redacted] [redacted] [redacted] [redacted] [redacted] [redacted] [redacted] [redacted]

[redacted] [redacted] 2 [redacted] [redacted]-[redacted] [redacted] [redacted] [redacted] [redacted] [redacted] [redacted] [redacted] [redacted] [redacted] [redacted] [

এই স্বর্ণের বার উদ্ধার করা হয়।

চুয়াডাঙ্গা ব্যাটালিয়ন (৬ বিজিবি) পরিচালক লেঃ কর্ণেল সাঈদ মোহাম্মদ জাহিদুর রহমান, পিএসসি আজ সোমবার বিকাল সাড়ে ৪ টার সময় প্রেস রিলিজ দিয়ে এই তথ্য নিশ্চিত করেছেন।

প্রেস রিলিজে তিনি জানান, সকাল ১১ টার দিকে বিজিবি’র চুয়াডাঙ্গা ব্যাটালিয়ন (৬ বিজিবি) গোপন তথ্যের ভিত্তিতে জানতে পারে যে, ব্যাটালিয়নের দায়িত্বপূর্ণ মেহেরপুর সদর উপজেলার বাজিতপুর গ্রামের মধ্যে দিয়ে স্বর্ণের একটি চালান বাংলাদেশ থেকে ভারতে পাচার হবে। এই তথ্যের ভিত্তিতে বাজিতপুর বিওপি কমান্ডার নায়েব সুবেদার সিগঃ মোঃ শহিদুল ইসলাম সঙ্গীয় ফোর্স নিয়ে বাজিতপুর গ্রামের বাজিতপুর-ঝাঝা রোডের ব্রীজের পূর্ব পার্শ্বে একটি তুলাবাগানের মধ্যে এ্যাম্বুশ করে অবস্থান গ্রহণ করে। আনুমানিক সকাল ১১ টার দিকে দুইজন ব্যক্তিকে ওই রাস্তার উপর দাড়িয়ে কথা বলতে দেখে বিজিবি দল সন্দেহজনকভাবে তাদেরকে চ্যালেঞ্জ করে। বিজিবির উপস্থিতি টের পেয়ে একজন সাইকেলযোগে পালিয়ে যায় এবং অপরজন ঘাসের মধ্যে একটি ছোট প্যাকেট ফেলে দৌড়ে কর্দমাক্ত মাঠের ভিতর দিয়ে গ্রামের মধ্যে পালিয়ে যায়।

পরবর্তীতে বিজিবি টহলদল ফেলে যাওয়া প্যাকেটটি সংগ্রহ করে তার ভেতরে কার্বন দিয়ে মোড়ানো ও স্কচটেপ দিয়ে প্যাচানো অবস্থায় ৬০০ গ্রাম ওজনের ০৫টি স্বর্ণের বার উদ্ধার করতে সক্ষম হয়।

এই ঘটনায় একটি মামলা দায়েরের প্রস্তুতি চলছে।

গাংনীর ছেলে ওসি মোস্তাফিজুর খুলনা বিভাগের শ্রেষ্ট ওসি নির্বাচিত

এলাকায় আইন-শৃঙ্খলা রক্ষা, বিভিন্ন স্থানে সাড়াসী অভিযান, মাদক স্পট নির্মূল, সন্ত্রাসী কর্মকান্ড বন্ধে ব্যাপক কর্মতৎপরতা,

অপরাধ প্রবণতা বন্ধ, এলাকার চিহিৃত সন্ত্রাস, চোর, ডাকাত, ছিনতাইকারী, মাদক ব্যবসায়ী, ভুমিদস্যুসহ অপরাধীদের ধরে আইনের আওতায় এনে জেল হাজতে প্রেরণ সহ নানা কারনে খুলনা বিভাগের শ্রেষ্ট ওসি নির্বাচিত হয়েছেন কলারোয়া থানার অফিসার ইনচার্জ (ওসি) মোস্তাফিজুর রহমান। ওসি মোস্তাফিজুর রহমান মেহেরপুরের গাংনী উপজেলার জোড়পুকুরিয়া গ্রামের ছেলে।

থানার অফিসার ইনচার্জের এর নেতৃত্বে কলারোয়া পৌরসদর সহ উপজেলার ১২টি ইউনিয়ন ও সীমান্ত এলাকায় অপরাধ প্রবণতা বন্ধের ব্যাপক অভিযান পরিচালনা করেন। ফলে অপরাধ ও মামলার সংখ্যা পূর্বের তুলনায় অর্ধেক নেমে এসেছে। তার নির্দেশে বিভিন্ন স্থানে পুলিশ সদস্যরা স্পেশাল টিম গঠন করে অভিযান পরিচালনা করে এসব অপরাধ প্রবনতা কমিয়ে এনেছে।

আইন শৃংখলা রক্ষায় ওসি মোস্তাফিজুর রহমান ইতিমধ্যে খুলনা বিভাগের শ্রেষ্ট ওসি নির্বাচিত হয়ে ক্রেষ্ট ও সনদপত্র গ্রহন করেছেন। এছাড়া কয়েক বার জেলার মধ্যে শ্রেষ্ট ওসি ও থানা নির্বাচিত হয়েছেন।

গাংনীতে বিফ ক্যাটল ফ্যাটেনিং ’’ বিষয়ক প্রদর্শনীর উপকরণ বিতরণ

পিকেএসএফ-এর অর্থায়নে ও পলাশীপাড়া সমাজ কল্যাণ সমিতির সহযোগিতায় সমন্বিত কৃষি ইউনিটভূক্ত প্রাণিসম্পদ খাতের আওতায় ১০ জন সদস্যর মাঝে ‘‘ব্যায় সাশ্রয়ী পদ্ধতিতে বিফ ক্যাটল ফ্যাটেনিং ’’ বিষয়ক প্রদর্শনীর উপকরণ বিতরণ করা হয়েছে।

এ সময় সদশ্যদের রাত্রি কালীন ঘর নির্মাণ বাবদ নগদ টাকা,ঘাসের কাটিং, ইউরিয়া মোলাসেস ও কেঁচো সার তৈরীর উপকরণ বিতরণ করা হয়। পরে সদস্যদের সাথে প্রদর্শনী বাস্তবায়নের লক্ষ্য ও উদ্দেশ্য এবং গরু মোটাতাজা করণের উপকারিতা সংক্রান্ত বিষয় নিয়ে পরামর্শ

প্রদান ও বিস্তারিত আলোচনা করা হয়।

২০২৩-২০২৪ অর্থবছরের আর্থিক সহায়তায় পল্লী কর্ম -সহায়ক ফাউন্ডেশন (পিকেএসএফ) পলাশীপাড়া সমাজ কল্যাণ সমিতি (পিএসকেএস) বাস্তবায়ন করে।

সরকারের উন্নয়ন তৃণমুল পর্যায়ে পর্যন্ত পৌছে গেছে -এমপি খোকন

রাস্তা-ঘাট, ব্রীজ কালভার্ট, স্কুল কলেজ, মাদ্রাসার বহুতল ভবন নির্মাণ, গাংনী উপজেলার প্রশাসনিক ভবন, সাব রেজিস্ট্রার ভবন, মসজিদ নির্মাণ, নদী খনন থেকে শুরু করে বিধবা ভাতা, বয়স্ক ভাতা, শিশু ভাতা সব কিছুর উন্নয়ন হয়েছে। সাংবাদিকদের উচিৎ সরকারের উন্নয়নগুলো তুলে ধরা। তিনি বলেন সাংবাতিকতায় দল মতবাদ থাকতে পারে। কিন্তু দেশের উন্নয়নের ক্ষেত্রে চিত্রটি তুলে ধরা উচিৎ।

আজ সোমবার সকাল ১১ টার সময় গাংনী উপজেলা প্রেসক্লাবের সাংবাদিকদের সাথে মতবিনিময়কালে এসব কথা বলেন এমপি মোহাম্মদ সাহিদুজ্জামান খোকন।

গাংনী উপজেলা প্রেসক্লাবের সভাপতি এম এ লিংকনের সভাপতিত্বে অনুষ্ঠিত মতবিনিময়কালে বিশেষ অতিথির বক্তব্য রাখেন, তেঁতুলবাড়িয়া ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান ও গাংনী উপজেলা আওয়ামীলীগের সাবেক যুগ্ম সাধারণ সম্পাদক নাজমুল হুদ বিশ্বাস পচু, রাইপুর ইউনিয়ন আওয়ামীলীগের সভাপতি সামসু্জ্জামান মঙ্গল, সাহারবাটি ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান মশিউর রহমান, গাংনী পৌর যুবলীগের সাধারণ সম্পাদক রাহিবুল ইসলাম।

গাংনী উপজেলা প্রেসক্লাবের সাবেক সভাপতি আমিরুল ইসলাম অল্ডামের সঞ্চালনায় অন্যান্যদের মধ্যে বক্তব্য রাখেন, গাংনী উপজেলা প্রেসক্লাবের সাধারণ সম্পাদক নুরুজ্জামান পাভেল, সিনিয়র সাংবাদিক

জুলফিকার আলী কানন, সাহাজুল সাজু, মাসুদ রানা প্রমুখ। এসময় গাংনী উপজেলা প্রেসক্লাবের সকল সদস্য উপস্থিত ছিলেন।

এমপি সাহিদুজ্জামান খোকন আরও বলেন, আমি এমপি হওয়ার আগে গাংনী উপজেলার শিক্ষার উন্নয়নে কাজ করতে চেয়েছি। আমার স্বপ্ন ছিল প্রত্যন্ত গ্রামে বসবাস করে আমাদের ছেলে মেয়েরা উচ্চ শিক্ষায় শিক্ষিত হবে। এমন স্বপ্ন থেকে মহান জাতীয় সংসদে একাধিকবার বিশ্ববিদ্যালয় দাবী করেছি। মাননীয় প্রধান মন্ত্রী আমাদের জেলাতে মুজিবনগর বিশ্ববিদ্যালয়ের অনুমোদন দিয়েছেন। মেহেরপুর-কুষ্টিয়া সড়ক নির্মাণ ফোর লেনসহ বারবার দাবী করেছি প্রধানমন্ত্রী আমাদের মেহেরপুর-কুষ্টিয়া সড়কটি ফোর লেনসহ অনুমোদন দিয়েছেন। যা এখন চলমান রয়েছে। যেসব এলাকার রাস্তা-ঘাটে কাঁদায় চলাচল করা যেতো না সেইসব রাস্তাগুলি এখন পাকা রাস্তায় পরিণত হয়েছে। মানুষ স্বচ্ছন্দে চলাচল করছে। এলাকার উন্নয়নের পাশাপাশি আইন শৃংখলার প্রভূত উন্নয়ন সাধিত হয়েছে। এখন গোয়ালের গরু পাহারা দেওয়া লাগেনা। রাতে কৃষকরা তাদের গোঁয়ালে গরু রেখে আরামে ঘুমাতে পারেন।

এমপি খোকন আরও বলেন, ব্যবসায়ীরা এই সরকারের আমলে আরামে ব্যবসা বানিজ্য পরিচালনা করছেন। কেউ তাদের কাছে গিয়ে চাঁদা দাবী করেনা। জোর জুলুম বা মাস্তানী নেই। এই উপজেলার মানুষ এখন রাজনৈতিক হানাহানি থেকে মুক্ত রয়েছেন।

গাংনীতে দুই দিন ব্যাপি মাছ চাষ বিষয়ক দক্ষতা প্রশিক্ষণ

পলাশীপাড়া সমাজ কল্যাণ সমিতি (পিএসকেএস) কর্তৃক সমন্বিত কৃষি ইউনিটভুক্ত মৎস্যখাত এর আওতায় দুই দিন ব্যাপি উন্নত ব্যবস্থাপনায় মাছ চাষ বিষয়ক দক্ষতা উন্নয়নমূলক শীর্ষক প্রশিক্ষণের আয়োজন করা হয়েছে। উক্ত প্রশিক্ষণ পিএসকেএস খামার ও প্রশিক্ষণ কেন্দ্রে, অনুষ্ঠিত হয়।

উক্ত প্রশিক্ষণে প্রশিক্ষক হিসেবে উপস্থিত ছিলেন মেহেরপুর জেলা

মৎস্য কর্মকর্তা মোঃ রোকনুজ্জামান, গাংনী উপজেলা মৎস্য কর্মকর্তা খোন্দকার সহিদুর রহমান, এছাড়াও উপস্থিত ছিলেন মোঃ আশরাফুল আলম মন্ডল, সহকারি পরিচালক (প্রশিক্ষণ); সংস্থার মৎস্য কর্মকর্তা ও মৎস্য চাষীসহ মাছ চাষে সফল খামারি।

এ সময় মাছ চাষ ব্যবস্থাপনা, গুনগত মানসম্পন্ন মাছের বৈশিষ্ট্য, মাছ চাষে সরকারের নানা পদক্ষেপ ও সফলতা, দেশী মাছ চাষের গুরুত্ব, উত্তম ব্যবস্থাপনায় মাছ চাষ ব্যবস্থাপনা, পুকুর ব্যবস্থাপনা ও মজুদকালীন ব্যবস্থাপনা, পুকুর পাড়ে চাষযোগ্য সবজি ও এর উপকারিতা নিয়ে আলোচনা, প্রাথমিক খাদ্য পরীক্ষা, মাছের সাধারন রোগ ও প্রতিকার, সমন্বিত মাছ চাষের উপকারিতাসহ চাষ সংক্রান্ত অন্যান্য বিষয়ে আলোকপাত করা হয়। উক্ত প্রশিক্ষণে উপকারভোগীদের পানি পরীক্ষা করার নিয়মাবলী সরেজমিনে দেখানো হয়। উক্ত কার্যক্রমে আর্থিকভাবে সহায়তা করছে পল্লী কর্ম-সহায়ক ফাউন্ডেশন (পিকেএসএফ)।

অনলাইন জুয়ার মাস্টার এজেন্ট রুবেলসহ তিন জন গ্রেফতার

মেহেরপুরে অনলাইন জুয়ার মাস্টার এজেন্ট ইসতিয়াক ই আজম রুবেলসহ তিনজনকে গ্রেফতার করেছে জেলা গোয়েন্দা পুলিশ। অভিযানে রুবেলের ভাড়া বাড়িতে তল্লাশি করে ৫ বোতল ফেন্সিডিলও উদ্ধার করে পুলিশ।

গত শিুক্রবার রাত থেকে শনিবার সকাল পর্যন্ত চুয়াডাঙ্গা ও মেহেরপুর শহরে ডিবির ওসির সাইফুল আলমের নেতৃত্বে ডিবি পুলিশের একটি টিম এ অভিযান পরিচালনা করেন।

গ্রেফতারকৃত বাকিরা হলেন- মহাজনপুরের শাহিন রেজা এবং গোপালপুরের নয়ন শাহ।

ডিবি পুলিশ জানায়, ২০২২ সালের ২০ অক্টোবর ডিজিটাল নিরাপত্তা আইনে অনলাইন জুয়ার মুজিবনগর থানার ১১ নম্বর মামলার আসামি শাহিন রেজাকে চুয়াডাঙ্গার সরোজগঞ্জ থেকে আটক করে গোয়েন্দা পুলিশের ওসি সাইফুল আলমের নেতৃত্বাধীন একটি দল। শাহিন রেজার

স্বীকারোক্তী অনুযায়ী মামলার অন্যতম আসামি গোপালপুর গ্রামে ইসতিয়াক ই আযম ওরফে রুবেলকে আটক করতে মেহেরপুর শহরের স্টেডিয়াম পাড়ার ভাড়া বাসাতে অভিযান চালায় পুলিশের ওই টিম। অভিযান চলাকালে রুবেল ঘর তল্লাশি করে একটি কাঠের বাক্স থেকে ৫ বোতল ফেন্সিডিল উদ্ধার করে এবং নয়ন শাহ নামের আরও একজনকে আটক করে। পুলিশের জিজ্ঞাসাবাদে নয়ন শাহ জানায়, রুবেল ও সে মিলে মাদকের ব্যবসা করে। যে কারণে ওই ৫ বোতল ফেন্সিডিল সেখানে রাখা হয়েছে।

অভিযানে ইন্সপেক্টর আমিনুল ইসলাম, এস আই অরুন কুমার দাস, এস আই মনিরুজ্জামান মিলন, এস আই কাজী মহসিন অভিযানে অংশ নেন।

ডিবির এস আই অরুন কুমার দাস বাদী হয়ে মেহেরপুর সদর থানায় আসামিদের বিরুদ্ধে মাদক দ্রব্য নিয়ন্ত্রণ আইনে একটি মামলা দায়ের করেন।

ডিবির ওসি সাইফুল আলম বলেন, আসামীদের মাদক দ্রব্য নিয়ন্ত্রণ আইনে আদালতে প্রেরণ করা হয়েছে। এবং একই সঙ্গে ডিজিটাল নিরাপত্তা আইনে শোন এরেষ্ট দেখানো হয়েছে। আদালতের আদেশ পেলে তাদের রিমাণ্ডের আবেদন করা হবে।

অনলাইন জুয়ার আরও সংবাদ পড়ুন

মেহেরপুরে অনলাইন জুয়ার দূর্গে হানা

বিকাশকর্মী থেকে কোটি কোটি টাকার মালিক আনোয়ার,নেপথ্যে অনলাইন জুয়া

মেহেরপুরের কুতুবপুরে জমি নিয়ে সংঘর্ষে আহত-১

মেহেরপুর সদর উপজেলার কুতুবপুর গ্রামে জমির সীমানা দখল নিয়ে দ্বন্দ্বের জের ধরে সংঘর্ষের ঘটনা ঘটেছে। এ ঘটনায় কামরুজ্জামান(৫০) আহত হয়েছেন বলে জানা গেছে।

আহত কামরুজ্জামানকে মেহেরপুর জেনারেল হাসপাতলে প্রাথমিক চিকিৎসা শেষে বাড়িতে পাঠানো হয়েছে।

রবিবার সকালে কুতুবপুর গ্রামে সংঘর্ষের ঘটনা ঘটে।

আহত কামরুজ্জামান বলেন আমার জমি, ১ নং আসামি মোঃ লিয়াকত আলী পিতা মোঃ আব্দুল বারী অনেক দিন যাবত দখল করে রেখেছে, আমি অনেক দিন জরিপ করার কথা বলার পরেও কোন প্রকার গ্রায্য করে না ।
আজ রবিবার সকালে আমরা আমাদের জমি জরিপ করে উক্ত জমি ঘিরতে গেলে গালিগালাজ শুরু করে এক পর্যায় লিয়াকত আলী আমার মাথায় হাসুয়া দিয়ে কোপ মারিলে মাথার বাম পাশে গুরত্বর যখম হয।পুনকা খাতুন,লাকি আক্তার,ও ইয়াকুব আলী বাশের লাঠি ও লোহার রড দিয়ে আঘাত করতে থাকে তখন আশে পাশের লোকজন ছুটে এসে আমাকে উদ্ধার করে হাসপাতালে নিয়ে আসে। এ ঘটনায় আমি ও আমার পরিবার নিয়ে সংকিত রয়েছি।

হাসপাতাল সূত্রে জানা গেছে, কুতুবপুর গ্রামের মধ্যপাড়া পিতা মৃত আব্দুল গফুর বিশ্বাসের ছেলে কামরুজ্জামানকে মেহেরপুর জেনারেল হাসপাতলে প্রাথমিক চিকিৎসা শেষে বাড়িতে পাঠানো হয়েছে।

যেকোন আইন-শৃঙ্খলা পরিস্থিতি মোকাবেলায় সদা প্রস্তুত বিজিবি: মহাপরিচালক

আসন্ন দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচনকে কেন্দ্র করে যেকোন আইন-শৃঙ্খলা পরিস্থিতি মোকাবেলায় সদা প্রস্তুত রয়েছে বিজিবি। বিজিবি মহাপরিচালক কুষ্টিয়া সেক্টরের অধীনস্থ বিভিন্ন ব্যাটালিয়নের দায়িত্বপূর্ণ সীমান্ত এলাকা পরিদর্শনের সময় দায়িত্বরত বিজিবি সদস্যদের সাথে মতবিনিময়কালে এ কথা বলেন।

উল্লেখ্য, বিজিবি মহাপরিচালক মেজর জেনারেল এ কে এম নাজমুল হাসান, বিএএম, এনডিসি, পিএসসি (Maj Gen A K M Nazmul Hasan, BAM, ndc, psc) ১৬-১৭ সেপ্টেম্বর ২০২৩ তারিখ কুষ্টিয়া সেক্টরের সেক্টর সদর

মেহেরপুর পৌরসভার ১নম্বর ওয়ার্ডে ড্রেন সহ রাস্তার উদ্বোধন

মেহেরপুর পৌরসভার ১নম্বর ওয়ার্ডে কংক্রিটের ড্রেন সহ রাস্তার উদ্বোধন করা হয়। আজ রবিবার দুপুরে মেহেরপুর পৌরসভার ১নম্বর ওয়ার্ড বায়তুল ফালাহ জামে মসজিদের সামনের রাস্তা উদ্বোধন করেন।

রাস্তা উদ্বোধন কালে উপস্থিত ছিলেন মেহেরপুর পৌরসভার মেয়র ও মেহেরপুর জেলা আওয়ামী যুবলীগের আহবায়ক মাহফুজুর রহমান রিটন, মেহেরপুর পৌরসভার ১নম্বর ওয়ার্ড কাউন্সিলর মীর জাহাঙ্গীর আলম, মেহেরপুর পৌরসভার সংরক্ষিত নারী কাউন্সিলর ১ ও ২ এবং ৩ নাম্বার আসনের দিল আফরোজ সহ স্থানীয় লোকজন উপস্থিত ছিলেন।